

MODEL QUESTION

Class - XII : বাংলা : Pre-Board/Board Final Exam. : 2022-23 : নম্বর - ৮০

I. সঠিক উত্তরটি লেখো :

$1 \times 10 = 10$

- ১। 'আগামী' কবিতাটির উৎসগ্রন্থের নাম :
 (ক) পূর্বভাস (খ) মিঠেকড়া
 (গ) ছাড়পত্র (ফ) অভিযান

- ২। 'সবুজের অভিযান' কবিতায় 'আধ-মরা' বলতে বোঝানো হয়েছে :
 (ক) প্রবীণদের (খ) নবীণদের
 (গ) শিশুদের (ফ) দুরস্তদের

- ৩। "সাম্যের গান গাই ——" – উদ্ধৃতিটির রচয়িতার নাম :
 (ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) কাজী নজরুল ইসলাম
 (গ) দিনেশ দাস (ফ) সুকান্ত ভট্টাচার্য

- ৪। অন্যের দেখো যেখানে শেষ হয়ে যায় সেখানে ভাবের দৃষ্টি অববৃদ্ধ হয় না :
 (ক) বিজ্ঞানীর (খ) রাজনীতিবিদের
 (গ) যুদ্ধবাজের (ফ) কবির

- ৫। অল্পাদিদির নাম করে শ্রীকান্ত এনেছিল :
 (ক) পাঁচ টাকা (খ) দশ টাকা
 (গ) পনেরো টাকা (ফ) বিশ টাকা

- ৬। স্বাধীন দেশে মোকাবিলা করা দরকার :
 (ক) সংক্ষারের সঙ্গে (খ) যুগের সঙ্গে
 (গ) দেশের সঙ্গে (ফ) বিদেশের সঙ্গে

- ৭। জগন্দলের মালিক ও চালকের নাম :
 (ক) পিয়ারা সিং (খ) গৌর
 (গ) বিমল (ফ) পানওয়ালা

- ৮। "লোকটাও একটা যন্ত্র।" – একথা আলোচনা হয় :
 (ক) বেঞ্জালি ক্লাবে (খ) হিন্দুস্থানি ক্লাবে
 (গ) মুসলিম ক্লাবে (ফ) পাঞ্জাবি ক্লাবে

- ৯। ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয় :
 (ক) ১৭০০ খ্রিস্টাব্দে (খ) ১৮০০ খ্রিস্টাব্দে
 (গ) ১৯০০ খ্রিস্টাব্দে (ফ) ২০০০ খ্রিস্টাব্দে

- ১০। বঙ্গিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সর্বপ্রথম উপন্যাস :
 (ক) রাজসিংহ (খ) আনন্দমঠ
 (গ) বিষবৃক্ষ (ফ) দুর্গেশনন্দিনী

II. একটি শব্দে/পূর্ণাঙ্গ বাক্যে নীচের প্রতিটি প্রশ্নের উত্তর দাও :-

$1 \times 20 = 20$

- ১। 'সবুজের অভিযান' কবিতায় কার বোলাযুলি বোড়ে ভুলগুলো আনতে বলা হয়েছে ?
- ২। 'সেই সুযোগে ঘুমের থেকে জেগে' – কীসের সঙ্গে কীসের লড়াই হবে ?
- ৩। 'আদি-পাপ' কে করেছে ?

- ১৪। “আজকে আমার পঞ্চ,” – পঞ্চটি কী ?
- ১৫। ‘যুদ্ধ কেন?’ কবিতায় শেষ পঞ্জিতে কবি কীসের আলো তুলে ধরার আহ্বান জানিয়েছেন ?
- ১৬। কার শিকড়ে অরগ্রের বিশাল চেতনা ?
- ১৭। কে পথকে উপেক্ষা করেন না ?
- ১৮। সকল পথই যেখানে একত্র মিলেছে সেখানে কীসের সম্মান মেলে ?
- ১৯। “তুই বড়ো অপয়া!” – কাকে অপয়া বলা হয়েছে ?
- ২০। অনন্দাদিদির স্বামীর নাম কী ?
- ২১। কারা নিত্যকালের রাখাল ?
- ২২। কাকে প্রাকৃতিক বলে চালানো হয়েছে ?
- ২৩। ‘ভৈরব হর্ষ’ কার গাড়ির হর্ষ ?
- ২৪। “এমনিতে ফিরবে না সে;” – ‘সে’ কে ?
- ২৫। “ভাঙা মন্দিরে চুনকাম!” – কার উষ্টি ?
- ২৬। “দ্রু বুঝে ছেড়ে দাও এবার।” – কে কাকে বলেছে ?
- ২৭। কাকে কেবি সাহেবের মুনশি বলা হয় ?
- ২৮। বিহারীলাল চৰুবৰ্তীর রচিত শ্রেষ্ঠ কাব্যগ্রন্থটির নাম কী ?
- ২৯। ‘নবান্ন’ নাটকটি কার লেখা ?
- ৩০। ত্রিপুরার কাহিনি নিয়ে রচিত রবীন্দ্রনাথ ঠাকুরের উপন্যাসটির নাম কী ?

III. নীচের প্রশ্নগুলোর উত্তর দাও (২০টি শব্দের মধ্যে) :-

$2 \times 5 = 10$

- ৩১। “তোরে হেথায় করবে সবাই মানা।”
– কারা কেন মানা করবে ?
- ৩২। “সে বাধা দিল না, প্রতিবাদ করিল না।”
– কে কোন্ কাজে বাধা দিল না ও প্রতিবাদ করল না ?
- ৩৩। “তোকে সারিয়ে টেনে তুলবই, ভয় নেই।”
– কাকে সারিয়ে তুলতে বস্তা কী করেছিল ?
- ৩৪। “এবার তোমার বুড়িকে পেনশন দাও।”
– কে কাকে বলেছিল ?
- ৩৫। ‘শ্রীকান্ত’ উপন্যাসটি কার লেখা ? এই উপন্যাসটির কয়টি পর্ব ?

IV. নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও (৬০টি শব্দের মধ্যে) :-

$3 \times 2 = 6$

- ৩৬। উদাহরণসহ স্বরভঙ্গির সংজ্ঞা দাও।
অথবা,
দৃষ্টান্তসহ বর্ণবিপর্যয়ের সংজ্ঞা লেখো।
৩৭. সমীভূত বলতে কী বোঝ তা উদাহরণসহ লেখো।
অথবা,
বর্ণাদ্বয়ের দৃষ্টান্তসহ সংজ্ঞা দাও।

V. নীচের প্রশ্নগুলোর উত্তর দাও (৮০টি শব্দের মধ্যে) :-

৪×৬=২৪

- ৩৮। “চিরযুবা তুই যে চিরজীবী,”
 (ক) কার লেখা কবিতার উদ্ধৃতি ?
 (খ) কাদের চিরজীবী বলা হয়েছে ?
 (গ) কেন চিরজীবী বলা হয়েছে ?
- ৩৯। “কেন হবে বারবার বর্বর এই অভিনয় ?”
 (ক) উদ্ধৃতাংশটি কার লেখা কবিতার অংশ ?
 (খ) কোন অভিনয়ের কথা বলা হয়েছে ?
 (গ) এই অভিনয়কে বর্বর বলা হয়েছে কেন ?
- ৪০। “----- প্রভেদ এই,”
 (ক) উদ্ধৃতাংশটি কোন রচনার অন্তর্গত ?
 (খ) কাদের মধ্যে প্রভেদের কথা বলা হয়েছে ?
 (গ) যে কোনো দুটি প্রভেদ সম্পর্কে আলোচনা করো।
- ৪১। “যাকে বলে হিউম্যানিজম,”
 (ক) উদ্ধৃতাংশটি কার লেখা ?
 (খ) কোন রচনার অন্তর্গত ?
 (গ) হিউম্যানিজমের লক্ষণগুলো কী কী ?

অথবা,

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘অনন্দাদিদি’ গদ্যাংশ অনুসরণে ইন্দ্রনাথ চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

- ৪২। একটি সাংস্কৃতিক অনুষ্ঠান করবার অনুমতি চেয়ে বিদ্যালয় কর্তৃপক্ষের কাছে একটি আবেদনপত্র রচনা করো।

অথবা,

বিদ্যালয়ে দেয়াল পত্রিকা প্রকাশ করবার জন্য প্রধান শিক্ষকের কাছে একটি আবেদনপত্র লেখো।

- ৪৩। নিয় প্রয়োজনীয় পণ্যসামগ্রীর মূল্যবৃদ্ধি বিষয়ে স্থানীয় পত্রিকায় প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

অথবা,

রবীন্দ্রজয়ন্তী উপলক্ষে অনুষ্ঠিত সাংস্কৃতিক অনুষ্ঠানের বর্ণনা করে একটি প্রতিবেদন লেখো।

VI. নীচের প্রশ্নগুলোর উত্তর দাও (১২০ শব্দের মধ্যে) :-

৫×২=১০

- ৪৪। বাংলা কাব্যসাহিত্যে মাইকেল মধুসূদন দত্তের কৃতিত্ব নিরূপণ করো।

অথবা,

উপন্যাসিক মানিক বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের সংক্ষিপ্ত পরিচয় দাও।

- ৪৫। উদাহরণসহ অক্ষরবৃত্ত বা মিশ্রকলাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলো আলোচনা করো।

অথবা,

ছন্দলিপি করো :

ভালো থেকো সবুজ গাঁ-টিসোনা রঙের ধান,

ভালো থেকো বট-কথা-কও হলুদ পাখির গান।